

## আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন

৮ই সেপ্টেম্বর, ২০২১:- আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপিত হল মৌলালী যুব কেন্দ্রে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্যে দিয়ে। জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের মাননীয় মন্ত্রী জনাব সিদ্দিকুল্লাহ চৌধুরীর পৌরোহিত্যে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের আইন ও বিচার বিভাগ এবং পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী মলয় ঘটক, জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিষয়ক দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী মানস রঞ্জন ভূঁইয়া এবং অগ্নি নির্বাপন ও জরুরী পরিষেবা বিভাগের মন্ত্রী শ্রী সুজিত বসু মহাশয়। বিশিষ্ট অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রন পর্ষদের চেয়ারম্যান ডঃ কল্যাণ রুদ্র, কল্যাণী বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর শ্রী গৌতম পাল এবং পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা বোর্ডের প্রেসিডেন্ট ডঃ আবু তাহের কামরুদ্দিন। দপ্তরের প্রধান সচিব শ্রীমতি রোশনি সেন এবং অন্যান্য আধিকারিকবৃন্দের উপস্থিতিতে অনুষ্ঠানটি মনোজ্ঞ হয়ে ওঠে।



স্মরণিকা প্রকাশ মুহূর্ত : ( বাম দিক থেকে ) শ্রী সমিত পট্টনায়ক, মাননীয় মন্ত্রী শ্রী সুজিত বসু, বিভাগীয় মন্ত্রী জনাব সিদ্দিকুল্লাহ চৌধুরী, মাননীয় মন্ত্রী শ্রী মলয় ঘটক, মাননীয় মন্ত্রী ড. মানস রঞ্জন ভূঁইয়া, ড. কল্যাণ রুদ্র এবং বিভাগের প্রধান সচিব শ্রীমতি রোশনি সেন

এই অনুষ্ঠানে ২০২১ সালের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপক ২১ জন ছাত্র ছাত্রী ও আবাসিকদের বিশেষ পুরস্কার প্রদান করা হয়। এছাড়া, আই.সি.আই.সি.আই কর্তৃপক্ষকেও সন্মানিত করা হয়, তাঁদের সহায়তা দানের কথা স্মরণ করে।

মাননীয় মন্ত্রীমহোদয় সাক্ষরতা অভিযানের প্রেক্ষাপট ব্যাখ্যা করেন, তাঁর ভাষণে উদ্ভুদ্ধ করেন জনশিক্ষা দপ্তরের আরদ্ধ কাজ এগিয়ে নিয়ে যাওয়ার জন্য।